দৈনিক
ইত্তেফাক

তারিখ 18 JAN 2007
পৃষ্ঠা ১৬ কলাম ৪

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্থগিত পরীক্ষাসমূহের সময়সূচি ঘোষণা

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত অনার্স কলেজসমূহে ২০০৬-২০০৭ শিক্ষাবর্ষে বিএ, বিএসএস, বিএসসি, বিবিএস ও বিএড অনার্স প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা ৯ ফেব্রুয়ারির পরিবর্তে ২৩ ফেব্রুয়ারি শুক্রবার সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত সারাদেশে একযোগে অনুষ্ঠিত হবে। বুধবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান হয়। এছাড়া জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০০৪ সালের এমএ, এমএসএস, এমকম, এমএসসি শেষ পর্ব পরীক্ষা ১৩ ফেব্রুয়ারি মঙ্গলবার থেকে শুরু হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন স্থগিত পরীক্ষাসমূহের সময়সূচি ঘোষণা করা হয়েছে। নতুন সময়সূচি অনুযায়ী ১৭ জানুয়ারি স্থগিত করা চার বছর মেয়াদী তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষা ২০০৫ অনুষ্ঠিত হবে ২৮ জানুয়ারি রবিবার। ১৪ জানুয়ারি স্থগিত করা তিন বছর মেয়াদী অনার্স পার্ট ৩ পরীক্ষা ২০০৫ অনুষ্ঠিত হবে ২৯ জানুয়ারি (১৫শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের

(১৬শ পৃঃ পর)

সোমবার। ১৫ জানুয়ারির স্থগিত করা মাস্টার্স ১ম পর্ব পরীক্ষা ২০০৫ অনুষ্ঠিত হবে ২৯ জানুয়ারি সোমবার এবং ১৯ জানুয়ারির এলএলবি শেষ পর্ব পরীক্ষা ২০০৫ অনুষ্ঠিত হবে ২ ফেব্রুয়ারি শুক্রবার। ভর্তির অন্যান্য তারিখ অপরিবর্তিত থাকবে।